# আল-মায়েদা | Al-Ma'ida | ٱلْمَائِدَة

আয়াতঃ ৫ : ১১৩

### আরবি মূল আয়াত:

قَالُوا نُرِيدُ اَن نَّاكُلَ مِنهَا وَ تَطمَئِنَّ قُلُوبُنَا وَ نَعلَمَ اَن قَد صَدَقتَنَا وَ نَكُونَ عَلَيهَا مِنَ الشّٰهِدِينَ ﴿١١٣﴾

### অনুবাদসমূহ:

তারা বলল, ‘আমরা তা থেকে খেতে চাই। আর আমাদের হৃদয় প্রশান্ত হবে এবং আমরা জানব যে, তুমি আমাদেরকে সত্যই বলেছ, আর আমরা এ ব্যাপারে সাক্ষীদের অন্তর্ভুক্ত হব।’ — আল-বায়ান

তারা বলেছিল, আমরা চাই যে আমরা তাথেকে কিছু খাব, তাতে আমাদের অন্তর পরিতৃপ্তি লাভ করবে, আর আমরা জানতে পারব যে, আপনি আমাদেরকে সত্য বলেছেন, আর সে ব্যাপারে আমরা সাক্ষী হয়ে থাকব। — তাইসিরুল

তারা বললঃ আমাদের উদ্দেশ্য এই যে, আমরা তা থেকে আহার করি এবং আমাদের অন্তর সম্পূর্ণ প্রশান্ত হয়ে যায়, আর আমাদের এই বিশ্বাস আরও সুদৃঢ় হয় যে, আপনি আমাদের নিকট সত্য বলেছেন এবং আমরা এর প্রতি সাক্ষ্যদানকারীদের অন্তর্ভুক্ত হই। — মুজিবুর রহমান

They said, "We wish to eat from it and let our hearts be reassured and know that you have been truthful to us and be among its witnesses." — Sahih International

১১৩. তারা বলেছিল, আমরা চাই যে, তা থেকে কিছু খাব ও আমাদের চিত্ত প্রশান্তি লাভ করবে। আর আমরা জানব যে, আপনি আমাদেরকে সত্য বলেছেন এবং আমরা এর সাক্ষী থাকতে চাই।

-

তাফসীরে জাকারিয়া

(১১৩) তারা বলেছিল, ‘আমাদের ইচ্ছা করে যে, তা থেকে কিছু আমরা খাব ও আমাদের চিত্ত সান্ত্বনা লাভ করবে। আর আমরা জানব যে, তুমি আমাদেরকে সত্য বলেছ এবং আমরা তার সাক্ষী হয়ে যাব।’

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=782

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন